রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ৪, ১৯৮৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

ঢাকা, ৩রা মার্চ ১৯৮৪।

নং এস আর ও 108-L/85—১৯৮২ সালের ২৪শে মার্চের ঘোষণা অনুযায়ী প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, বাংলাদেশ কর্ম কমিশনের সঙ্গে আলোচনান্তে, নিম্নোক্ত বিধি জারী করিয়াছেনঃ—

## বাংলাদেশ ফিল্ম আর্কাইভ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৪

১। সংক্ষিপ্ত শিরোনাম—এই বিধি বাংলাদেশ ফিল্ম আর্কাইভ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৪ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞাসমূহ—এই বিধিসমূহে বিষয়বস্তু অথবা প্রসঙ্গে যদি কোন স্ববিরোধী না হয়ঃ—

(ক) "নিয়োগকারী কর্তৃক" বলিতে বুঝাইবে সরকার এবং উহার অন্তর্ভুক্ত কোন বিশেষ পদ অথবা ঐ ধরণের পদসমূহে সরকার কর্তৃক অনুমোদিত নিয়োগ প্রদানকারী কোন কর্মকর্তা;

(খ) "কমিশন" বলিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন বুঝাইবে;

(গ) "আর্কাইভ" বলিতে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ বুঝাইবে;

(ঘ) "মন্ত্রণালয়" বলিতে তথ্য মন্ত্রণালয় বুঝাইবে;

(ঙ) "শিক্ষানবিশ" বলিতে নির্দিষ্ট কোন স্থায়ী শূন্য পদে শিক্ষানবিশী হিসাবে নিয়োজিত কোন ব্যক্তিকে বুঝাইবে;

(চ) "স্বীকৃত বোর্ড" বলিতে উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক শিক্ষা বোর্ড যাহা প্রচলিত আইনের দ্বারা বা অধীনে স্থাপিত এবং সরকার ঘোষিত অন্য যে কোন বোর্ড যাহা কমিশন কর্তৃক স্বীকৃত, এই বিধিসমূহের জন্য স্বীকৃত বোর্ড হিসাবে গণ্য হইবে;



মূল্য ১'২০ পয়সা

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বলিতে যে কোন বিশ্ববিদ্যালয় যাহা প্রচলিত আইনের দ্বারা বা অধীনে স্থাপিত এবং সরকার ঘোষিত অন্য যে কোন বিশ্ববিদ্যালয় যাহা কমিশন কর্তৃক স্বীকৃত এই বিধির জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় হিসাবে গণ্য হইবে;

(জ) "প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা" বলিতে নির্দিষ্ট পদের জন্য তপশীলে বর্ণিত পদের জন্য শিক্ষাগত যোগ্যতা বুঝাইবে;

(ঝ) "তপশীল" বলিতে এই বিধির সঙ্গে সংযোজিত তপশীল বুঝাইবে; এবং

(ঞ) "নির্দিষ্ট পদ" বলিতে তপশীলে উল্লেখিত নির্দিষ্ট পদ বুঝাইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**—(১) তপশীলে বর্ণিত বিধান অনুসারে এবং সরকার ঘোষিত কোটা পদ্ধতি অনুসারে নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; অথবা

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা না থাকিলে নির্দিষ্ট পদে কোন ব্যক্তিকে নিয়োগ প্রদান করা হইবে না এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঐ পদের জন্য তপশীলে বর্ণিত বয়স সীমার মধ্যে হইতে হইবে।

৪। **সরাসরি নিয়োগ**—(১) কমিশনের সুপারিশ ব্যতীত সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোন নির্দিষ্ট পদে নিয়োগ প্রদান করা যাইবে না।

(২) কোন ব্যক্তিকে নির্দিষ্ট পদে নিয়োগ করা যাইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক বা স্থায়ী অধিবাসী না হন; এবং

(খ) বাংলাদেশের নাগরিক নয় এমন কোন ব্যক্তিকে বিবাহ করিয়াছেন অথবা বিবাহ বন্ধনে আবদ্ধ হইতে প্রতিশ্রুতি বদ্ধ হইয়াছেন।

(৩) কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি না—

(ক) নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তি সরকারের স্বাস্থ্য বিভাগের মহা-পরিচালক কর্তৃক এই উদ্দেশ্য স্থাপিত অথবা প্রদত্ত ক্ষমতা অনুযায়ী মেডিকেল অফিসার কর্তৃক এই নিয়োগের জন্য শারীরিকভাবে উপযুক্ত এবং তিনি কোন প্রকার শারীরিক ত্রুটিতে ভুগিতেছেন না যাহা ঐ নির্দিষ্ট পদের জন্য তাহার দায়িত্ব পালনের ক্ষেত্রে কোন অসুবিধার সৃষ্টি করিতে পারে এই মর্মে প্রত্যয়ন করা না হয়; এবং

(খ) নির্বাচিত প্রার্থীর পূর্ব পরিচয় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রতিপাদন করার পর প্রজাতন্ত্রের চাকুরীর জন্য উপযুক্ত হইবেন।

(৪) কোন ব্যক্তিকে নিয়োগের জন্য কোন নির্দিষ্ট পদে মনোনীত করা যাইবে না, যদি নাঃ—

(ক) কমিশন কর্তৃক কোন নির্দিষ্ট পদের জন্য দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তি জারী হওয়ার পর প্রার্থী নির্দিষ্ট তারিখের মধ্যে ফি-সহ নির্ধারিত ফরমে আবেদন না করেন; এবং

(খ) সরকারী বা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকুরীরত প্রার্থীরা তাহার উর্ধতন কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**—(১) কোন নির্দিষ্ট পদের জন্য পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে এই কাজের জন্য সরকার গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটি বা সুপিরিয়র সিলেকশন বোর্ডের অনুমোদনের প্রয়োজন হইবে। কোন উচ্চতর শ্রেণীর পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য কমিশনের সুপারিশ প্রয়োজন হইবে।

(২) কোন ব্যক্তি কোন নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের যোগ্য হইবেন না যদি তাহার চাকুরীর রেকর্ড অসন্তোষজনক হয়।

৬। **শিক্ষানবিশকাল**—(১) কোন নির্দিষ্ট পদের জন্য নির্বাচিত ব্যক্তিবর্গ স্থায়ী শূন্য পদে, প্রয়োজনে বদলী ব্যতীত, শিক্ষানবিশ হিসাবে নিয়োজিত হইবেনঃ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে স্থায়ী নিয়োগের জন্য ২ বৎসর সময়; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে ঐ নিয়োগের তারিখ হইতে ১ বৎসর কাল পর্যন্ত। নিয়োগকারী কর্তৃপক্ষ লিখিত রেকর্ড সাপেক্ষে শিক্ষানবিশকাল একটি নির্দিষ্ট সময়-এর (অথবা সময়সমূহের) জন্য বর্ধিত করিতে পারিবেন যাহা সর্বমোট ২ বৎসরের বেশী হইতে পারিবে না।

(২) শিক্ষানবিশীর শিক্ষানবিশ সময়ে যদি নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাঁহার আচরণ এবং কাজ অসন্তোষজনক অথবা তাঁহার দক্ষতা অর্জনের কোন সম্ভাবনা নাই, সেই সময় অতিক্রম হওয়ার পূর্বেই—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, চাকুরীচ্যুতি; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে যে পদ হইতে তাহাকে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে পুনঃ প্রত্যাবর্তন করা হইবে।

(৩) শিক্ষানবিশকাল সমাপ্তির পর বর্ধিত সময়, যদি থাকে, সংযুক্ত করিয়া নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) শিক্ষানবিশকালীন সময়ে তাঁর আচরণ এবং কাজ যদি সন্তোষজনক প্রতীয়মান হয়, উপ-বিধি ৪ সাপেক্ষে তাঁহাকে নিয়মিত নিয়োগ প্রদান করা হইবে; এবং

(খ) শিক্ষানবিশকালীন সময়ে যদি শিক্ষানবিশীর আচরণ এবং কাজ অসন্তোষজনক প্রতীয়মান হয় তাহা হইলেঃ—

(১) সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাঁহার চাকুরীচ্যুতি; এবং

(২) পদোন্নতির ক্ষেত্রে যে পদ হইতে তাঁহাকে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে পুনঃ প্রত্যাবর্তন করা হইবে।

(৪) একজন শিক্ষানবিশীকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী নিয়োগ প্রদান করা হইবে না যদি না তিনি সরকার কর্তৃক সময়ে সময়ে নির্দিষ্ট আদেশবলে অনুষ্ঠিত কোন পরীক্ষায় উত্তীর্ণ না হন অথবা নির্দিষ্ট কোন প্রশিক্ষণ গ্রহণ না করেন।

সিডিউল

| ক্রমিক নং। | নির্দিষ্ট পদের নাম। | সরাসরি নিয়োগের জন্য বয়স-সীমা। | নিয়োগ পদ্ধতি। | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | ফিল্ম অফিসার .. | ৩০ বৎসরের উর্দ্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের বেলায় শিথিলযোগ্য। | (১) বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রজেকশনিষ্ট, ফিল্ম চেকার, এয়ার কণ্ডিশনিং সুপারভাইজার এবং ফিল্ম ইনভেষ্টিগেটরদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। যদি পদোন্নতির মাধ্যমে নিয়োগের উপযুক্ত প্রার্থী পাওয়া না যায় তবে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে: ফিডার পদে কমপক্ষে ৪ বৎসরের অভিজ্ঞতা।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (১) কোন বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। ফিল্ম সংরক্ষণ এবং রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে কমপক্ষে ৪ বৎসরের অভিজ্ঞতা।<br>(২) সিনেমাটোগ্রাফিতে প্রশিক্ষণ প্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২ | প্রশাসনিক কর্মকর্তা .. | ৩০ বৎসরের উর্দ্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের বেলায় ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (১) পদোন্নতির মাধ্যমে।<br>(২) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে: উচ্চমান সহকারী বা সাঁটলিপিকার হিসাবে প্রশাসন কাজে সুষ্ঠু জ্ঞানসহ কম পক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (১) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |

| | | | |
|---|---|---|---|
| ৩ হিসাব রক্ষণ কর্মকর্তা | ২৭ বৎসরের উর্দ্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের বেলায় ৩০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (১) হিসাব রক্ষক (উচ্চমান সহকারী)-এর মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে: ফিডার পদে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা। |
| | | (২) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (১) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |
| | | | (২) হিসাব রক্ষণ কাজে এবং সরকারী আর্থিক বিষয়ে নিয়মকানুন ও বাজেটিং-এ ২ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৪ ষ্টোর অফিসার .. | ২৭ বৎসরের উর্দ্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের বেলায় ৩০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (১) ষ্টোরকিপার পদ থেকে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে: ফিডার পদে কমপক্ষে ৪ বৎসরের অভিজ্ঞতা। |
| | | (২) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (১) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |
| | | | (২) ষ্টোরে সকল দ্রব্যাদি রক্ষণাবেক্ষণ, ফিল্ম সামগ্রী, অডিও ভিজিওয়াল সামগ্রী ও কাঁচামাল সংগ্রহ এবং রক্ষণাবেক্ষণে ৩ বৎসরের অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫ | লাইব্রেরীয়ান .. | ২৭ বৎসরের উর্দ্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের বেলায় ৩০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (১) সরকারী লাইব্রেরীয়ান পদ থেকে পদোন্নতির মাধ্যমে।<br>(২) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ৪ বৎসর অভিজ্ঞতা।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ (১) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে লাইব্রেরী সাইন্সে মাষ্টার ডিগ্রী।<br>অথবা<br>কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে মাষ্টারস ডিগ্রী এবং লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমা।<br>অথবা<br>কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলর ডিগ্রীসহ লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমা এবং কমপক্ষে এক বৎসরের লাইব্রেরী কাজে অভিজ্ঞতা। |
| ৬ | প্রজেকশনিষ্ট .. | ৩০ বৎসরের উর্দ্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (১) ইলেকট্রিশিয়ান পদ থেকে এক তৃতীয়াংশ পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির কোন যোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>(২) দুই তৃতীয়াংশ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ৫ বৎসর অভিজ্ঞতা।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ (১) কোন অনুমোদিত কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হইতে বিদ্যুৎ প্রকৌশলে ডিপ্লোমা।<br>(২) প্রজেকশনিষ্ট এবং ফিল্ম চেকিংয়ে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | (৩) প্রজেকটরসহ অন্যান্য যন্ত্রপাতিরক্রটি নিরূপণ, রক্ষণাবেক্ষণ ও মেরামতের যোগ্যতা থাকিতে হইবে।<br>অথবা<br>১। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় পাশ।<br>২। সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে ইলেক্টিশিয়ান হিসাবে সার্টি-ফিকেট প্রাপ্ত।<br>৩। প্রজেকশনিষ্ট এবং ফিল্ম চেকিং-এ ৩ বৎসরের অভিজ্ঞতাসহ প্রজেক-শনিষ্ট হিসাবে সার্টিফিকেট প্রাপ্ত।<br>৪। প্রজেক্টরসহ অন্যান্য যন্ত্রপাতির ক্রটি নিরূপণ, রক্ষণাবেক্ষণ ও মেরামতের যোগ্যতা থাকিতে হইবে। |
| ৭ | ফিল্ম চেকার .. | ৩০ বৎসরের উর্দ্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (১) ইলেকট্রিশিয়ান পদ থেকে পদো-ন্নতির মাধ্যমে।<br>(২) পদোন্নতির জন্য কোন যোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে: ফিডার পদে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা।<br>(খ) সরাসরিনিয়োগের ক্ষেত্রে: ১। কোন অনুমোদিত কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হইতে রসায়ন প্রকৌশলে ডিপ্লোমা।<br>২। ফিল্ম চেকার/প্রজেকশনিষ্ট হিসাবে ২ বৎসরের অভিজ্ঞতা সহ যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ, মেরামত, ফিল্ম ক্লিনিং ও সংরক্ষণের জ্ঞান থাকিতে হইবে।<br>অথবা<br>১। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় পাশ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | ২। সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে ইলেক্ট্রিশিয়ান হিসাবে সার্টিফিকেট প্রাপ্ত। |
| | | | | ৩। প্রজেকশন এবং ফিল্ম চেকিং-এ কমপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ সকল যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ, মেরামত, ফিল্ম ক্লিনিং ও সংরক্ষণের জ্ঞান থাকিতে হইবে। |
| ৮ | এয়ার কন্ডিশনিং সুপারভাইজার। | ৩০ বৎসরের উর্দ্ধে নয়। চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরকারী সরাসরি নিয়োগের মাধ্যমে।] | (১) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: মাধ্যমিক স্কুল সার্টিফিকেট।<br>(২) কোন অনুমোদিত কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হইতে এয়ার কন্ডিশনিং-এ ডিপ্লোমা।<br>(৩) এয়ার কন্ডিশনিং ও ডি-হিউমিডিটি কায়ার রক্ষণাবেক্ষণ, মেরামত ও সার্ভিসিং-এ ২ বৎসরের অভিজ্ঞতা। |
| ৯ | ফিল্ম ইনভেষ্টিগেটর | ২৫ বৎসরের উর্দ্ধে নয় | (১) বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সরকারী লাইব্রেরীয়ান, ষ্টোর কিপারের মধ্যে হইতে শতকরা ৫০% ভাগ পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে: ফিডার পদে কমপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতা।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: ১। অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | (২) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>(৩) শতকরা ৫০% ভাগ সরাসরি নিয়োগ। | ২। সংরক্ষণের জন্য চলচ্চিত্র, চলচ্চিত্র সংক্রান্ত সকল দ্রব্যাদি বিভিন্ন স্থান হইতে সংগ্রহ করার অভিজ্ঞতা বা চলচ্চিত্র শিল্পের সহিত সংশ্লিষ্ট প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১০ | টেলোগ্রাফার ] | ঐ ঐ | ঐ | প্রচলিত সরকারী বিধি অনুযায়ী | সরকার নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতা প্রযোজ্য হবে। |
| ১১ | ষ্টোর কিপার ] | ঐ ঐ | ২৫ বৎসরের উর্দ্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে ৩০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (১) নিম্নমান সরকারী-কাম-মুদ্রাক্ষরিক পদ থেকে পদোন্নতির মাধ্যমে।<br>(২) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে: ফিডার পদে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (১) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী।<br>(২) ষ্টোরে সকল দ্রব্যাদির সংরক্ষণ এবং চলচ্চিত্র ও চলচ্চিত্র সামগ্রী রক্ষণাবেক্ষণে অভিজ্ঞতা অগ্রাধিকার যোগ্য। |
| ১২ | সহকারী লাইব্রেরীয়ান ] | | ২৫ বৎসরের উর্দ্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (১) গ্রন্থাগার সহকারী (নিম্নমান সহকারী) এবং কাউন্টার সহকারী পদ থেকে পদোন্নতির মাধ্যমে।<br>(২) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ফিডার পদে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (১) স্নাতক ডিগ্রী এবং লাইব্রেরী সায়েন্সে সার্টিফিকেট বা ডিপ্লোমা।<br>অথবা |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (২) এইচ,এস,সি এবং লাইব্রেরী সায়েন্স এ সার্টিফিকেট এবং ২ বছরের অভিজ্ঞতা।<br>(৩) লাইব্রেরী কাজে এবং টাইপিং-এর অভিজ্ঞতা অগ্রাধিকারযোগ্য। |
| ১৩ | টেলিফোন অপারেটর | ২৫ বছরের উর্দ্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী।<br>(২) টেলিফোন অপারেটর এবং অভ্যর্থনাকারী হিসাবে অভিজ্ঞতা অগ্রাধিকারযোগ্য। |
| ১৪ | উচ্চমান সহকারী/বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের শাখা সহকারী। | ঐ | সরকারী প্রচলিত বিধি অনুযায়ী। | |
| ১৫ | একাউন্টেন্ট (ইউ,ডি,এ) | ঐ | (১) বাংলাদেশ ফিল্ম আর্কাইভে নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিকদের মধ্যে হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(২) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে: (১) ফিডার পদে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা।<br>(২) হিসাব সংক্রান্ত যাবতীয় কাজকর্ম ও সরকারী বাজেটিং-এ এবং আর্থিক নিয়ম কানুন সম্পর্কে জ্ঞান।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (১) অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | (২) বাজেটিং এবং সরকারী আর্থিক নিয়মকানুন সম্পর্কে জ্ঞান ও হিসাব রক্ষণ সংক্রান্ত কাজে অগ্রাধিকারযোগ্য। |
| ১৬ | ষ্টেনো-টাইপিষ্ট | ঐ .. | সরকারী প্রচলিত বিধি অনুযায়ী। | |
| ১৭ | মটর ড্রাইভার (হেভী) | ৩০ বৎসরের উর্দ্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (১) কমপক্ষে অষ্টম শ্রেণী। মটর ড্রাইভার (২) মটর ড্রাইভার হিসাবে কমপক্ষে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ ভারী যানবাহন চালানোর বৈধ লাইসেন্সের অধিকারী। (৩) মটর মেকানিক হিসাবে বাস্তব অভিজ্ঞতা এবং ছোট খাট ত্রুটি মেরামতের ক্ষমতা থাকিতে হইবে। |
| ১৮ | এম,ডি,এ-কার টাইপিষ্ট | .. | সরকারী প্রচলিত বিধি অনুযায়ী। | .. |
| ১৯ | কাউন্টার সহকারী | ২৫ বৎসরের উর্দ্ধে নয় | (১) লীডার ও ক্যাশ সরকার পদ থেকে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে: ফিডার পদে তিন বৎসরের অভিজ্ঞতা।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (১) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট।<br>(২) বই পত্র এবং ফিল্ম রক্ষণাবেক্ষণ সম্পর্কে জ্ঞান থাকা আবশ্যক।<br>(৩) বইপত্র বাছাই, ক্যাটালগিং, টাইপিং এবং বইপত্র বাধাইয়ের জ্ঞান অগ্রাধিকারযোগ্য। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২০ | লাইব্রেরী সহকারী (নিম্ন-মান সহকারী)। | ১৮ থেকে ২৫ বৎসর। সরকারী চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট।<br>(২) গ্রন্থাগার বিজ্ঞানে সনদধারী ও বইপত্র বাছাই, ক্যাটালগিং, টাইপিং এবং বইপত্র বাধাইয়ের জ্ঞান অগ্রাধিকার-যোগ্য। |
| ২১ | ইলেকট্রিশিয়ান | ঐ | ঐ | (১) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট।<br>(২) কোন অনুমোদিত কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হইতে বিদ্যুৎ বিষয়ে সার্টিফিকেট প্রাপ্ত অথবা বিদ্যুৎ উন্নয়ন বোর্ড হইতে সার্টিফিকেট ও বিদ্যুৎ বিষয়ে লাইসেন্স প্রাপ্ত হইতে হইবে। |
| ২২ | ডেসপাচ রাইডার | ঐ | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের এম,এল, এস, এস, নিরাপত্তা প্রহরী পদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | (১) ফিডার পদে কমপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ মটর সাইকেল চালানোর লাইসেন্সের অধিকারী হইতে হইবে। |
| ২৩ | ক্যাশ সরকার | ২৫ বৎসরের উর্দ্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের এম,এল, এস,এস/নিরাপত্তা প্রহরী পদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | (১) ফিডার পদসমূহে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা।<br>(২) যথা হিসাব রক্ষকের কার্যালয়ে বিল জমা দেওয়া, নেওয়া, চেক সংগ্রহ করা এবং চেকসমূহ, নগদ অথবা ব্যাংকে জমা দেওয়া ও উত্তোলনের অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪ | লীডার | ২৫ বৎসরের উর্ধ্বে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের এম,এল,এস,এস/নিরাপত্তা প্রহরী পদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে: (১) ফিল্ম ক্যানসমূহ ফিল্ম ভোল্টে রাখা, প্রয়োজনে দেওয়া-নেওয়া যোগ্যতাসহ ৪ নং কলামে উল্লেখিত ফিডার পদে ৩ বৎসরের অভিজ্ঞতা।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: মাধ্যমিক স্কুল সার্টিফিকেট।<br>(২) ফিল্ম ক্যানসমূহ ফিল্ম ভল্টে রাখা, প্রয়োজনে দেওয়া-নেওয়া এর ক্ষেত্রে অভিজ্ঞতা এবং ফিল্মসমূহ পরিস্কার ও সংরক্ষণ জ্ঞান সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৫ | এম,এল,এস,এস | ১৮ থেকে ২৫ বৎসর। আর্কাইভের কর্মচারীদের বেলায় বয়স ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কমপক্ষে অষ্টম শ্রেণী।<br>(২) অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৬ | সিকিউরিটি গার্ড | বয়স ১৮ থেকে ২৫ বৎসর। আর্কাইভের কর্মচারীদের বেলায় এবং অবসরপ্রাপ্ত সামরিক বা পুলিশ কর্মচারী বা আনসার বা বি,ডি,আর প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কমপক্ষে অষ্টম শ্রেণী।<br>(২) অবসরপ্রাপ্ত সামরিক বাহিনী/আধা সামরিক বাহিনীর সদস্যগণ/সিকিউরিটি গার্ড বা এম,এল,এস, এস হিসাবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মনযুর উল-করিম
সচিব।

খন্দকার ওবায়দুল মোক্তাদের, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মতিন সরকার, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস তেজগাঁও, ঢাকা, কর্তৃক প্রকাশিত।